রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুলাই ২২, ২০১৯

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ০৭ শ্রাবণ, ১৪২৬/২২ জুলাই, ২০১৯

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ০৭ শ্রাবণ, ১৪২৬ মোতাবেক ২২ জুলাই, ২০১৯ তারিখে রাষ্ট্রপতির সম্মতিলাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছেঃ—

২০১৯ সনের ১৫ নং আইন

বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট আইন, ২০১৩ এর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট আইন, ২০১৩ (২০১৩ সনের ২৩নং আইন) এর সংশোধন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই আইন বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট (সংশোধন) আইন, ২০১৯ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **২০১৩ সনের ২৩নং আইনের ধারা ২ এর সংশোধন।**—বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট আইন, ২০১৩ (২০১৩ সনের ২৩নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২ এর উপধারা (৩) এ উল্লিখিত "অ্যানালগ," শব্দ ও কমা বিলুপ্ত হইবে।

মূল্য ঃ টাকা ৪.০০

৩। **২০১৩ সালের ২৩নং আইনের ধারা ৬ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ৬ এর—

(ক) উপধারা (১) এর দফা (ড) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ড) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(ড) সরকার কর্তৃক মনোনীত ইনস্টিটিউটের ১ (এক) জন শিক্ষক ও ১(এক) জন চলচ্চিত্র নির্মাতাসহ অন্যূন ৪(চার) জন অনধিক ৬ (ছয়) জন চলচ্চিত্র সংশ্লিষ্ট বরেণ্য ব্যক্তিত্ব;";

(খ) উপধারা ২ এ উল্লিখিত "৩ (তিন)" সংখ্যা, বন্ধনী ও শব্দের পরিবর্তে "২ (দুই)" সংখ্যা, বন্ধনী ও শব্দ প্রতিস্থাপিত হইবে।

৪। **২০১৩ সনের ২৩নং আইনের ধারা ৭ এর সংশোধন**।—উক্ত আইনের ধারা ৭ এর—

(ক) দফা (ঘ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঘ) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(ঘ) চলচ্চিত্র ও টেলিভিশন সংশ্লিষ্ট বিষয়ে স্বল্প ও দীর্ঘমেয়াদী প্রশিক্ষণ, কর্মশালা, সেমিনার, ওয়ার্কশপ, উচ্চশিক্ষা ও গবেষণা কার্যক্রম গ্রহণ ও আয়োজন, এতদ্‌সংশ্লিষ্ট বিষয়ে পাঠ্যসূচি প্রণয়ন এবং ডিপ্লোমা, স্নাতক, স্নাতকোত্তর ও উচ্চতর ডিগ্রিসহ সফলভাবে প্রশিক্ষণ কর্মশালা ও অন্যান্য প্রয়োজনীয় কোর্স সম্পন্নকারীগণকে সনদ প্রদান;";

(খ) দফা (চ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (চ) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(চ) চলচ্চিত্র এবং টেলিভিশন অনুষ্ঠান নির্মাণ এবং সংশ্লিষ্ট বিষয়ে অধ্যয়ন, গবেষণা, কারিগরি প্রশিক্ষণ, জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে উৎসব, কনফারেন্স, সেমিনার, সিম্পোজিয়াম, ওয়ার্কশপ, ইত্যাদি আয়োজন;", এবং

(গ) দফা (ঝ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঝ) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(ঝ) চলচ্চিত্র এবং টেলিভিশন ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানকে বিশেষ সম্মাননা, পুরস্কার, ইত্যাদি প্রদান; এবং"।

৫। **২০১৩ সালের ২৩নং আইনের ধারা ৯ এর সংশোধন**।—উক্ত আইনের ধারা ৯ এর—

(ক) দ্বিতীয় লাইনে উল্লিখিত "তদারকি" শব্দটির পরিবর্তে "তদারকি ও পাঠ্য বিষয় নির্বাচন" শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে;

(খ) দফা (ক) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ক) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(ক) সরকারের সহিত পরামর্শক্রমে গভর্নিং বডি কর্তৃক মনোনীত বিশ্ববিদ্যালয়ের একজন অধ্যাপক, যিনি ইহার সভাপতিও হইবেন;";

(গ) দফা (জ) এ উল্লিখিত "বেসরকারি" শব্দটি বিলুপ্ত হইবে;

(ঘ) দফা (ঝ) এ উল্লিখিত "দুইজন শিক্ষক বা প্রশিক্ষক" শব্দগুলির পরিবর্তে "একজন সিনিয়র প্রশিক্ষক ও একজন প্রশিক্ষক" শব্দগুলি, শেষে উল্লিখিত "।" দাঁড়ি চিহ্নটির পরিবর্তে ";" সেমিকোলন চিহ্নটি প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নূতন দফা (ঞ) ও (ট) সংযোজিত হইবে, যথা :—

"(ঞ) ইনস্টিটিউটের সকল একাডেমিক বিভাগের মুখ্য প্রশিক্ষক;

(ট) গভর্নিং বডি কর্তৃক মনোনীত একজন মুখ্য প্রশিক্ষক, যিনি ইহার সদস্য-সচিবও হইবেন।"।

ড. জাফর আহমেদ খান
সিনিয়র সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd